

রমজানে এবার শিক্ষাপ্রতিষ্ঠান খোলা থাকবে

যায়যায় রিপোর্ট

আগের রমজানে রাজধানীসহ সারাদেশের সরকারি, বেসরকারি স্কুল, কলেজ এবং কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান খোলা রাখা হবে। যদিও ফান্ডিং এভাবে রমজানে শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ রাখার জন্য বরাদ্দ মন্ত্রণালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়কে আহ্বান জানানো হয়েছে। তবে হরতলে ও রাজনৈতিক অস্থিরতায় ক্লাস না হওয়ার কতি পুঙ্খিয়ে নিতে এবার স্কুল-কলেজে রোজার ছুটি কমিয়ে আনছে শিক্ষা মন্ত্রণালয়। আজ খোলা : পৃষ্ঠা ২ কলাম ১

খোলা : শিক্ষাপ্রতিষ্ঠান (প্রথম পৃষ্ঠার পর)

এ বিষয়ে অফিস আদেশ জারি করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

জানা গেছে, শিক্ষাক্রম অনুযায়ী আগামী ১১ জুলাই থেকে মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে রোজার ছুটি ওক হওয়ার কথা ছিল। চলতি শিক্ষা বছর শুরু পর থেকে রাজনৈতিক কর্মসূচির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে বেশিরভাগ দিন ক্লাস হয়নি। ক্লাস বছরের পাশাপাশি একের পর এক পরীক্ষা পেছাতে বাধা হয়েছে কর্তৃপক্ষ। ফলে হরতলে ক্লাস কম হওয়ার কারণেই ছুটি কমানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর আগে দেশব্যপ্তর কতি পুঙ্খিয়ে নিতে অধিকাংশ প্রতিষ্ঠান বছরের দিন তফসিলিয়ার যাবারীতি ক্লাস ও পরীক্ষা নেয়। ১৫ রোজা বা এর কাছাকাছি সময় ছুটি ঘোষণা করা হতে পারে।

হরতলে এ বছর সবচেয়ে বেশি ক্ষতির শিকার হয় ২০১৩ সালের এসএসসি ও সমমানের ১৩ লক্ষাধিক পরীক্ষার্থী। বিএনপি-জামায়াতের হরতলের কারণে চলতি বছর ৫ দিন এসএসসি পরীক্ষা পেছাতে হয়। এর ফলে মোট ৩৭টি বিষয়ের পরীক্ষা পেছাতে বাধা হয় কর্তৃপক্ষ। এপ্রিলে অনুষ্ঠিত এইচএসসি ও সমমানের পরীক্ষাও পেছাতে হয়েছে। এইচএসসি ও সমমানের ৪১টি বিষয়ের পরীক্ষা পিঙ্খিয়ে যায় হরতলের কারণে। জাতীয় বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে চলমান পরীক্ষাও এতে করে বাধাগ্রস্ত হয়। কয়েক দফা পরীক্ষার তারিখ পেছানো হয়।

এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, এবার বিভিন্ন কারণে ক্লাস-পরীক্ষা অনেক কম হয়েছে। এ জন্য রমজানের ছুটি কমিয়ে আনা হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সকাল সাড়ে ৯টার পবিত্র রমজান উপলক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১১ সালের তৃতীয় বর্ষের স্নাতক (সম্মান) পরীক্ষা ১১ জুলাই থেকে সকাল ৯টার পরিবর্তে সকাল সাড়ে ৯টা থেকে অনুষ্ঠিত হবে। সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের পরিচালক (জরুরা) মো. কয়লুল করিম এ তথ্য জানিয়ে বলেন, পরীক্ষার অন্যান্য তারিখ এবং পড় উপরিবর্তিত থাকবে। গত ৩ জুলাই থেকে দেশের ১৩৭টি কেন্দ্রে একযোগে ২০১১ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা শুরু হয়েছে। এতে ২০২টি কলেজের ১ লাখ ৬২ হাজার ৫১৮ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।